

যে কোন তফসিলী ব্যাংক এর ব্যাংক ড্রাফট বা পেমেন্ট অর্ডার বা পে-অর্ডার দরপত্রের সাথে দাখিল করতে হবে।

- ৫। দরদাতা অনুর্ধ্ব ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিনের মধ্যে এবং ৫০,০০,০০০/- (পঞ্চাশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিনের মধ্যে সমুদয় মূল্য পরিশোধ করবেন এবং তা করতে ব্যর্থ হলে জামানতের টাকা বাজেয়াপ্ত হবে।
- ৬। দরদাতাগণ বা তাদের প্রতিনিধিগণ (যদি কেউ উপস্থিত থাকেন) এর সম্মুখে ঐ একই দিন অর্থাৎ ২০.১২.২০১১ ইং তারিখ বিকেল ১২.০০ ঘটিকায় দরপত্র বাতিল খোলা হবে।
- ৭। দরপত্রে প্রদত্ত মূল্য অস্বাভাবিক কম/অপর্যাপ্ত প্রতীয়মান হলে, একটি তফসিলের আংশিক সম্পত্তি ক্রয়ের জন্য দরপত্র দাখিল হলে এবং কম জামানত প্রদান করা হলে কিংবা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করা হলে দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৮। তফসিল সম্পত্তির উপর কোন সরকারী, আধা সরকারী বা সায়াত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-সিটি কর্পোরেশন, ওয়াসা, পিডিবি, পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহ প্রতিষ্ঠান, ভূমি উন্নয়ন কর ইত্যাদি সহ অন্য যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তা পরিশোধের কোন দায়-দায়িত্ব ডিক্রীদার/ব্যাংক এর উপর বর্তাইবে না। প্রস্তাবকৃত মূল্যের উপর প্রদেয় মূল্য সংযোজন কর দরদাতাকে বহন করতে হবে।
- ৯। উপরে বর্ণিত (৪) ও (৫) এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে আদালত ইচ্ছা করিলে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করতে পারবেন।
- ১০। কৃতকার্য দরদাতার অনুকূলে শর্তপূরণ সাপেক্ষে তফসিল বর্ণিত সম্পত্তির দখল অত্রাদালতের মাধ্যমে হস্তান্তর করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।
- ১১। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য জানার জন্য ডিক্রীদার ব্যাংকে অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করতে পারবেন।
- ১২। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার আদালত সংরক্ষণ করেন।

বন্ধকীতব্য সম্পত্তির তফসিল

“তফসিল”

জেলা- নারায়ণগঞ্জ, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস রূপগঞ্জ, জে এল নং- সি এস ও এস এ- ১৬৩, আর এস- ১৭০/১৭১, মৌজা- আধুরিয়া, খতিয়ান নং- সি এস- ২৮৮, এস এ- ২৮২, আর এস-২২২, নামজারী খতিয়ান নং- ৮৯৪ ও ১০১৮, জোত নং- ৮৯৩ ও ১০১৭, দাগ নং- সি এস ও এস এ- ৭৪৪ (সাতশত চুয়াল্লিশ), আর এস- ৬৩৩ (ছয়শত তেত্রিশ) এর সম্পত্তির পরিমান ১৪ (চৌদ্দ) শতাংশ এবং দাগ নং- সি এস ও এস এ- ৭৪৭ (সাতশত সাতচল্লিশ), আর এস- ৬৫৮ (ছয়শত আটান্ন) এর সম্পত্তির পরিমান- ৩৬ (ছত্রিশ) শতাংশ একুনে ০২ টি দাগে মোট জমির পরিমান (১৪+৩৬) = ৫০ (পঞ্চাশ) শতাংশ ও তদস্থিত নির্মিত/নির্মিতব্য ইমারতাদীসহ বন্ধকীকৃত বটে। ইহার মধ্যে ১৪ শতাংশের চৌহদ্দি : উত্তরে- হোমটেক্স, দক্ষিণে- হোমটেক্স, পূর্বে- হোমোয়েত ভূইয়া, পশ্চিমে- হোমটেক্স এবং ৩৬ শতাংশের চৌহদ্দি- উত্তরে- হোমটেক্স, দক্ষিণে- সেলিম প্রধান, পূর্বে- হোমোয়েত ভূইয়া, পশ্চিমে- হোমটেক্স।

আদালতের আদেশক্রমে

সেরেস্টাদার

যুগ্ম জেলা জজ ও অর্থঞ্চণ আদালত, নারায়ণগঞ্জ।

